# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, সূর্য গ্রহণের সালাত হয়তো অন্যান্য সালাতের মতো

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ صَلَاةَ الْكُسُوفِ كَسَائِرِ الصَّلَوَاتِ سَوَاءً

আরবী

2826 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ التَّاجِرُ الْمَرْوَزِيُّ بِمَرْوَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ عَبْدِ اللَّهِ السُّكَّرِيُّ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ قَالَ: أَخْبَرَنَا أَشْعَثُ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ صَلَّى فِي كُسُوفِ الشَّمْسِ وَالْقَمَرِ رَكْعَتَيْنِ مِثْلَ صلاتكم.
الراوي : أَبُو بَكْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2826 | خلاصة حكم المحدث: شاذ أو منكر بذكر القمر ـ ((ضعيف الموارد)).
قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُ أَبِي بَكْرَةَ: (رَكْعَتَيْنِ مِثْلَ صَلَاتِكُمْ) أَرَادَ بِهِ مِثْلَ صَلَاتِكُمْ فِي الْكُسُوفِ

বাংলা

২৮২৬. আবূ বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চন্দ্র ও সূর্য গ্রহণের সালাত তোমাদের সালাতের মতোই দুই রাকা‘আত আদায় করেছেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য “অতঃপর দুই রাকা‘আত সালাত আদায় করেন, যেভাবে তোমরা সালাত আদায় করে থাকো” এর দ্বারা উদ্দেশ্য হলো তোমরা যেভাবে সূর্য গ্রহণের দুই রাকা‘আত সালাত আদায় করে থাকো।”

## ফুটনোট

[1] নাসাঈ: ১/৩৩৪-৩৩৫।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে চন্দ্রের উল্লেখসহ শায বা দুর্বল বলেছেন। (যঈফ আল মাওয়ারিদ)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92156

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন